## ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৬

# প্রতিযোগিতা নির্দেশিকা

## বিষয়ঃ নিউট্রি কার্নিভাল

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) হল একটি বৈশ্বিক আয়োজন যেখানে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীরা বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও পুষ্টি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিজ অভিজ্ঞতা, পুষ্টি সম্পর্কিত চিন্তাধারা ও চ্যালেঞ্জ প্রকাশ করার এবং কার্যকর সমাধান খুঁজে পেতে পারে। ২০১৭ সাল থেকে বিআইআইডি ফাউন্ডেশন বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। বিদ্যমান পুষ্টি খাতের প্রতিবন্ধকতা সমূহের টেকসই সমাধানের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে। INO ২০২৬ এর মূল প্রতিপাদ্য **'উন্নত পুষ্টির জন্য বেসরকারি খাতের ভূমিকাঃ** সকলের জন্য পুষ্টি নিশ্চিতকরণে ব্যবসা পরিবেশ উন্নয়ন এবং উদ্যোক্তাদের দায়িত্বশীলতা ও সক্ষমতা বৃদ্ধি"। এই লক্ষ্য অর্জনে INO ২০২৬ তরুণ, সরকার, বেসরকারি খাত, নীতিনির্ধারক এবং উন্নয়ন সহযোগী প্রতিনিধিদের একত্রিত করবে। নবম ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) আগামী ১১-১২ ডিসেম্বর, ২০২৬ তারিখে ঢাকা, বাংলাদেশে অনুষ্ঠিত হবে।

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬ এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হবে যেখানে 'নিউট্রি কার্নিভাল'সহ মোট ১৫ টি প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। শিশু, কিশোর-কিশোরী, তরুণ-তরুণী এবং প্রাপ্তবয়স্কদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে। ০৬ থেকে ২৪ বছর বয়সসীমার মধ্যে যে কেউ ' নিউট্রি কার্নিভাল প্রতিযোগিতায়' অংশগ্রহণ করতে পারবে। 'নিউট্রি কার্নিভাল প্রতিযোগিতায়' অংশগ্রহণের নির্দেশিকা নীচে দেয়া হলঃ

**বয়স গ্রুপঃ**

| গ্রুপ ক | গ্রুপ খ | গ্রুপ গ |
|---|---|---|
| ৬-১০ | ১১-১৮ | ১৯-২৪ |

**প্রতিপাদ্য বিষয়ঃ প্রাথমিক বাছাই পর্ব** (পরবর্তী রাউন্ডের বিষয় প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণদের জানানো হবে)।

**গ্রুপ ক: স্বাস্থ্যকর খাবার, সুখী শিশু**

**গ্রুপ খ: স্থানীয় ব্যবসা, সুস্থ কমিউনিটি**

**গ্রুপ গ: উদ্ভাবনের মাধ্যমে সবার জন্য পুষ্টি**

**যোগ্যতাঃ**

- অংশগ্রহণকারীদের INO ২০২৬ এর ওয়েবসাইট (www.nutritionolympiad.net) এ নিবন্ধন ফরম পূরণ করতে হবে এবং নিবন্ধনের সময় 'নিউট্রি কার্নিভাল প্রতিযোগিতা' নির্বাচন করতে হবে।
- নির্ধারিত বয়সসীমার (৬–২৪ বছর) মধ্যে যে কেউ এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- প্রতিযোগীরা ব্যক্তিগতভাবে অথবা দলগতভাবে (সর্বোচ্চ ৩ অংশগ্রহণ করতে পারবে। ভিন্ন ভিন্ন প্রতিষ্ঠানের অংশগ্রহণকারীরাও একই দলে অংশ নিতে পারবে।
- অংশগ্রহণকারী, তার অভিভাবক বা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ন্যূনতম তথ্যপ্রযুক্তি সুবিধা (মোবাইল ফোন, ই-মেইল, WhatsApp এবং Zoom অ্যাকাউন্ট [বাধ্যতামূলক নয়]) থাকতে হবে।
- অংশগ্রহণকারীরা তাদের নিজ নিজ প্রতিষ্ঠানে শিক্ষকদের উপস্থিতিতে কার্যক্রম সম্পন্ন করবে।

**রেজিস্ট্রেশনঃ**

সকল অংশগ্রহণকারীকে INO ২০২৬ -এর নির্দিষ্ট ওয়েবসাইটে নিবন্ধন করতে হবে। INO ২০২৬ ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) দেওয়া রেজিস্ট্রেশন লিঙ্কে ক্লিক করে 'নিউট্রি কার্নিভাল প্রতিযোগিতা' নির্বাচন করুন।

**রেজিস্ট্রেশনের শেষ তারিখ:** আগস্ট ৩১, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**জমা দেওয়ার শেষ তারিখ:** সেপ্টেম্বর ৩০, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**নিউট্রি কার্নিভাল প্রতিযোগিতা নির্দেশিকা**

1. **অংশগ্রহণকারীর তথ্য:**

   নাম, বয়স, লিঙ্গ, শ্রেণী/ পদবি /পরিচয়, প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগ নম্বর, ই-মেইল।

2. **ভাষা:** বাংলা অথবা ইংরেজি
3. **জমা ও নির্বাচন প্রক্রিয়া:**

**প্রাথমিক বাছাই:**

প্রতিটি প্রতিষ্ঠান তাদের সেরা ৩ জন অংশগ্রহণকারী নির্বাচন করবে। নির্বাচিতদের ১০ মিনিটের একটি ভিডিও এবং ছবি Google Form অথবা ই-মেইলের মাধ্যমে জমা দিতে হবে। ই-মেইলের বিষয়বস্তুতে 'নিউট্রি কার্নিভাল প্রতিযোগিতা' উল্লেখ করতে হবে। জমাদানের সময় দলের নাম, অংশগ্রহণকারীর বয়স এবং প্রতিষ্ঠানের নাম উল্লেখ করতে হবে। প্রতিটি গ্রুপ থেকে ৫ জন অংশগ্রহণকারী নির্বাচন করা হবে এবং তাদের INO ২০২৬ এ অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে।

**চূড়ান্ত নির্বাচন:**

- প্রাথমিকভাবে নির্বাচিত ১৫ জন ফাইনালিস্টকে INO ২০২৬এর মূল ভেন্যুতে আমন্ত্রণ জানানো হবে। সেখান থেকে বিচারকদের মাধ্যমে শীর্ষ ৩ জন বিজয়ী নির্বাচন করা হবে।

**স্কোরঃ**

| ক্রম | ধরণ | নাম্বার |
|---|---|---|
| ০১ | বিষয়বস্তুর উপস্থাপন | ৩০ |
| ০২ | পোশাক | ২০ |
| ০৩ | পুষ্টিবিষয়ক বার্তা | ২০ |
| ০৪ | সামঞ্জস্যপূর্ণতা | ২০ |
| ০৫ | নিয়মাবলি অনুসরণ করা | ১০ |
| **মোট** | | ১০০ |

**বিশেষ দ্রষ্টব্যঃ**

- নিউট্রি কার্নিভাল প্রতিযোগিতা এর ধারণা অবশ্যই অংশগ্রহণকারীদের নিজস্ব ও মৌলিক হতে হবে। পরামর্শকের দিকনির্দেশনা নেওয়া যাবে, তবে কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) টুল বা অন্য কোনো অনলাইন সহায়ক টুল ব্যবহার করলে অংশগ্রহণকারীকে অযোগ্য ঘোষণা করা হবে।
-

- বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোনো ধরনের অসদুপায় বা অনিয়ম প্রমাণিত হলে অংশগ্রহণকারীকে অযোগ্য ঘোষণা করা হবে।
- প্রতিটি গ্রুপ থেকে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত অংশগ্রহণকারী বা দলকে বিজয়ী ঘোষণা করা হবে।
- আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৬-এর সমাপনী অনুষ্ঠানে শীর্ষ ৩ (তিন) জন অংশগ্রহণকারী বা দলকে বিজয়ী হিসেবে ঘোষণা করা হবে।

**যোগাযোগঃ** নিউট্রি কার্নিভাল সম্পর্কে আপনার যে কোন প্রশ্ন বা তথ্যের জন্য যোগাযোগ করুনঃ +৮৮০১৭৮২৫১০০৮৯, +৮৮০২৮৭১৪১৬৯, +৮৮০১৭৮২৫১০০৮৯ অথবা ই-মেইল: ino@biid.org.bd

**একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৩টি (তিন) প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।**